কৃষি সুপারিশ

৬-৮ ই মে ২০২৪ (২৩-২৫ শে বৈশাখ ১৪৩১)

বোরো ধান : ফুল আসার পরে শীষের নিচের গাঁটে এই ঝলসা রোগের আক্রমণ হলে ঐ জায়গাটি কালো হয়ে পচে যায় ও আক্রান্ত জায়গায় শীষটি ভেঙ্গে যায়, ফলে ধান চিটে হয়ে যায়। এই রোগ নিয়ন্ত্রণের জন্য ট্রাইসাক্লাজোল ০.৫ গ্রাম অথবা আইসোপ্রোথিওলেন ১ মিলি অথব কাসুগামাইসিন ১ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।শিষে ৮০% ধান পেকে গেলে ফসল তুলে ফেলা প্রয়োজন।এই সময় ঝড়বৃষ্টির সম্ভবনা থাকে, তাই দ্রুত ধান কাটা ফেলার জন্য প্যাডি-হারভেস্টার মেশিন ব্যবহার করা ভালো।

আউস ধান

জমিতে 'জো' থাকলে আউস ধানের বীজ বুনুন ও রোপনের জন্য বীজতলায় বীজ ফেলুন। **বপনের উপযুক্ত জাত:** হীরা, প্রসাদ,অন্নদা,তুলসী, বিকাশ, বন্দনা, কলিঙ্গ-৩। বীজের হার ৮০-৯০ কেজি এবং সারিতে বুনলে ৬৫-৭০ কেজি প্রতি হেক্টরে।বীজবোনার আগে প্রতি কেজি বীজের সাথে কার্বেন্ডাজিম-৫০% গুড়ো ঔষধ ২.৫ গ্রাম মিশিয়ে শোধন করে নিন।মূল সার হিসাবে হেক্টর প্রতি জৈবসার ৫ টন এবং ১৫ কেজি নাইট্রোজেন ও ৩০ কেজি করে ফসফেট ও পটাশ সার প্রয়োগ করুন।

রোপনের উপযুক্ত জাত: ক্ষিতিশ, রত্না, শতাব্দী ইত্যাদি। রোপনের জন্য বীজতলা তৈরী করুন। ২৫ শতক বীজতলায় জৈব সার ২.৫ টন ও নাইট্রোজেন, ফসফেট, পটাশ ৫ কেজি করে মাটিতে মিশিয়ে দিন ও ৪০-৫০ কেজি শোধন করা বীজ বীজতলায় ফেলুন। কাদানো বীজতলায় বীজ শোধনের জন্য ১.৫ লিটার জলে ২ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে তাতে এক কেজি বাছাই করা বীজ-ধান ৮-১০ ঘন্টা ডুবিয়ে রাখার পর নীচে ডুবে যাওয়া বীজ তুলে জল ঝড়িয়ে বীজতলায় ফেলুন অথবা প্রয়োজনে কল গজানোর জন্য জাঁক দিন।

তিল : তিল চাষে সাধারণত ২ টি সেচ দিতে হয়, প্রথমটি বীজ বোনার ৩০-৩৫ দিন পর ও দ্বিতীয়টি এর আরো ২০-২৫ দিন পরে দিতে হবে। দীর্ঘদিন শুষ্ক আবহাওয়ার পরে হঠাৎ বৃষ্টি হলে তিলের গোড়া পচা রোগ দেখা দিতে পারে। প্রয়োজনে তামাঘটিত ছত্রাকনাশক যেমন কপার অক্সিক্লোরাইড ৪ গ্রাম প্রতি লিটার জলে গুলে গাছের গোড়ায় স্প্রে করতে হবে।

চীনবাদাম- জমির অবস্থা বুঝে প্রয়োজন মতো জলসেচের ব্যবস্থা করতে হবে। চিনা বাদাম এই সময়ে শুঁয়ো পোকা, উই পোকা, কাটুই পোকা, লাল মাকড় দ্বারা আক্রান্ত হতে পারে। লাল মাকড়ের জন্য ডাইকোফল, প্রপারজাইট, মিলবিমেকটিন ইত্যাদি জলে গুলে স্প্রে করতে হবে। উই পোকা, কাটুই পোকার জন্য ক্লোরপাইরিফস্ জলে গুলে মাটিতে প্রয়োগ করতে হবে। শুঁয়ো পোকা দমনের জন্য ক্লোরপাইরিফস্ ,কুইনালফস্ বা ফেনভেলারেট আক্রান্ত ক্ষেতে প্রয়োগ করতে হবে।

মুগ – বীজ বোনার ৩ সপ্তাহের মাথায় টিলেটেড জিঙ্ক ০.৫ গ্রাম প্রতি লিটার জলে, ৪ সপ্তাহের মাথায় ১.৫ গ্রাম ডাইসোডিয়াম অক্টাবোরেট এবং ৫ সপ্তাহের মাথায় ০.৫ গ্রাম অ্যামোনিয়াম মলিবডেট প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে। প্রতি বারে ৪০ লিটার অণুবাদা মেশানো জল প্রয়োগ করতে হবে। সমস্ত গাছে ফুল আসার পূর্বে একবার সেচ দিলে ভালো হয়। পাতায় পাউডার রোগ দেখা গেলে ১ গ্রাম কার্বেন্ডাজিম বা ০.৫ গ্রাম ট্রাইডেমর্ফ প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে ।

লেদা পোকার আক্রমন হলে মুগের মারাত্মক ক্ষতি হতে পারে।আক্রান্ত ক্ষেতে ট্রায়াজোফস্ ১ মিলি বা মিথোমিল ১ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে ।

চৈতি কলাই -চাষের উপযুক্ত জাতগুলি হল- বসন্ত বাহার (পি.ডিইউ-১), গৌতম(ডব্লুবি.ইউ-১০৫), কালিন্দী(বি-৭৬)। ফাল্গুন-চৈত্র মাসে বিঘা প্রতি (৩৩ শতক) ৩ -৪ কেজি বীজ ছড়িয়ে বা সারিতে বুনতে হবে। বীজ বোনার আগে, মুগের মত বীজ শোধন ও রাইজোবিয়াম কালচার মেশাতে হবে। সারি থেকে সারির দূরত্ব ৩০ সেমি ও গাছের দূরত্ব ১৫ সেমি রাখতে হবে। একর প্রতি ৮ কেজি নাইট্রোজেন, ১৬ কেজি ফসফরাস ও ১৬ কেজি পটাশ প্রয়োগ করে বীজ বুনতে হবে। কলাই চাষে কোন চাপান সার লাগে না।

আখ : রোগ পোকা যেমন, লাল ডোড়া ধ্বসা, ছিপটি ভূসা, ঢলে পড়া রোগ এবং ডগা ছিদ্রকারী পোকা, মাজরা পোকা, শোষক পোকার আক্রমনের প্রতি লক্ষ্য রাখুন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন। দ্বিতীয় চাপান সার হিসাবে আখ বসানোর ৯০ দিন পর ৬৬ কেজি নাইট্রোজেন ও ৫০ কেজি পটাশ মাটিতে মিশিয়ে দিন ও গাছের গোড়ায় মাটি দিয়ে ভেলী বেঁধে দিন এবং সেচ দিন।

পাট - ভাল ফলন পেতে হলে পাটের পরিচর্যা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। যন্ত্রের সাহায্যে সারিতে বীজ বুনলে পরিচর্যা খরচ কমে এবং ফলন বৃদ্ধি পায়। চক্রবিদা বা হাত নিড়ানির সাহায্যে আগাছা মারতে হবে এবং অতিরিক্ত চারা তুলে ফেলতে হবে। প্রতি বর্গমিটারে ৫৫-৬০ টি চারা রাখা উচিৎ। এছাড়া আগাছা নাশক ওষুধ ব্যবহার করেও আগাছা দমন করা যেতে পারে।চারা বেরোনোর ২১ দিন পর প্রথম চাপান হিসাবে ৮ কেজি নাইট্রোজেন প্রতি একরে ও ৩০-৩৫ দিন পর দ্বিতীয় চাপান হিসাবে সম পরিমান নাইট্রোজেন প্রতি একরে প্রয়োগ করর উচিত। বোরোনের ঘাটতি থাকলে ডাই সোডিয়াম অক্টাবোরেট টেট্রাহাইড্রেট ০.১% প্রতি লিটার জলে গুলে চারা বেরোনোর তৃতীয় ও ষষ্ঠ সপ্তহে ভালো ভাবে পাতার উপর স্প্রে করলে পাট তন্তুর গুনমান ও ফলন বৃদ্ধি পায়।

সবুজ সার : আমন ধান চাষে জৈবসার যোগানের জন্য সবুজসার হিসাবে ধনচে বীজ বোনার পরিকল্পনা করুন। এজন্য আমন ধান রোপনের দেড় থেকে দুই মাস আগে জৈষ্ঠ্য মাসের মাঝামাঝি সময়ের মধ্যে বৃষ্টির জলের সুজোগ নিয়ে ২টি চাষ দিয়ে বিঘাপ্রতি ৪ কেজি ধনচে বীজ বুনতে পারেন। বীজ বোনার আগে বিঘাপ্রতি ২০-২২ কেজি সিঙ্গল সুপার ফসফেট সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্য্যালয়ে যোগাযোগ করুন।

কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার-এর

পক্ষে সুবীর কুমার হাজরা

যুগ্ম-কৃষিঅধিকর্তা(জনসংযোগ,সম্প্রচারওতথ্য), পশ্চিমবঙ্গ